



পশ্চিমবঙ্গ সরকার • খাদ্য ও সরবরাহ বিভাগ

জরুরি বিজ্ঞপ্তি

২০১৫-১৬ খরিফ মরশুমে ধানের ন্যূনতম সহায়ক মূল্য কুইন্ট্যাল প্রতি ১,৪১০ টাকা। রাজ্য সরকার ECSC / BENFED / CONFED / NAFED / NACOF / NCCF ও সমবায় সমিতিগুলির মাধ্যমে ন্যূনতম সহায়ক মূল্যে ধান কিনছে।

মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশে রাজ্য জুড়ে সব জেলায় ২৭৫টি ধান্য ক্রয় কেন্দ্র স্থাপন করা হয়েছে। তাঁর নির্দেশে কৃষক বন্ধুরা এই সব ধান্য ক্রয় কেন্দ্রে ধান বিক্রি করলে কুইন্ট্যাল পিছু বাড়তি ১৫ টাকা করে পাবেন। ধান্য ক্রয় কেন্দ্রে ধান বিক্রি করতে সক্ষম চলে আসুন - বাড়তি উৎসাহ মূল্য পান।

মনে রাখবেন

- ১ সমবায় সমিতি বা ধান্য ক্রয় কেন্দ্রে ধান বিক্রি করার সময় সব কৃষক বন্ধুদের নিবন্ধীকরণ করা হবে ও তাঁদের একটি কার্ড দেওয়া হবে।
- ২ ধানের মূল্য অ্যাকাউন্টপেয়ী চেকের মাধ্যমে দেওয়া হবে।
- ৩ ধান্য ক্রয় কেন্দ্রে একজন কৃষক বন্ধু একদিনে সর্বাধিক ৩০ কুইন্ট্যাল পর্যন্ত ধান বিক্রি করতে পারবেন।
- ৪ ধান্য ক্রয় কেন্দ্র সরকারি ছুটির দিন বাদে সোমবার থেকে শনিবার সকাল ৯টা থেকে বিকেল ৩টে পর্যন্ত খোলা থাকে।
- ৫ ধান বিক্রি করার সময় - (ক) সচিত্র পরিচয়পত্র, (খ) জমি সংক্রান্ত নথি, (গ) ব্যাঙ্ক পাশবই আনতে ভুলবেন না।

বিস্তারিত তথ্যের জন্য নিকটবর্তী ব্লক উন্নয়ন আধিকারিক / মহকুমা বা জেলা খাদ্য নিয়ামকের কার্যালয়ে যোগাযোগ করুন।

আরও জানতে ফোন করুন ১৯৬৭ অথবা ১৮০০ ৩৪৫ ৫৫০৫ নম্বরে (সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত) অথবা খাদ্য ও সরবরাহ বিভাগের ওয়েবসাইট www.wbpds.gov.in দেখুন।